



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/14/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নতুনভাবে সংস্কারকৃত সেইন্ট জন্স ইউনিভার্সিটি হেলথ সেন্টারের
নির্মাণকাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

গভর্নর স্থানীয় কর্মকর্তা নেতৃবৃন্দের সাথে যোগদান করে সেইন্ট ভিনসেন্ট হেলথ
সাইন্সেস সেন্টার এবং নতুন বাস্কেটবল প্রশিক্ষণ ফ্যাসিলিটি পরিদর্শন করেছেন

সফরের ছবি দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজকে নতুনভাবে সংস্কারকৃত সেইন্ট জন্স ইউনিভার্সিটি হেলথ সাইন্সেস
সেন্টার (St. John's University Health Sciences Center) এবং বাস্কেটবল ফ্যাসিলিটির
নির্মাণকাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন, যা কুইন্স সম্প্রদায়কে উন্নত করবে এবং শিক্ষার্থীদের
শিক্ষামূলক অভিজ্ঞতার জন্য অসাধারণ সুযোগ তৈরি করবে।

"নিউ ইয়র্কের কলেজ এবং ইউনিভার্সিটিতে অব্যাহত বিনিয়োগের মাধ্যমে আমরা আমাদের
সেরা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষামূলক সুযোগকে অত্যাধুনিক রাখছি," **গভর্নর হোকল
বলেন।** "এই তহবিলের মাধ্যমে আমরা সারা বিশ্বের শিক্ষার্থীদের তাদের পছন্দের বিষয় নিয়ে
কাজ করা, সংযোগ স্থাপন করার সুযোগ প্রদান করছি, এবং তাদেরকে গ্র্যাজুয়েট করার পর নিউ
ইয়র্কে বসবাস করার জন্য উৎসাহিত করছি।"

গভর্নর হোকল নতুন সেইন্ট ভিনসেন্ট হেলথ সাইন্সেস সেন্টার পরিদর্শন করেছেন, যা সেপ্টেম্বর
মাসে ফল সেমিস্টারে শিক্ষার্থীরা আসার পর খুলবে বলে আশা করা যাচ্ছে। নতুন শক্তিদক্ষ
একাডেমিক ভবনে থাকবে সক্রিয় শেখার শ্রেণীকক্ষ, গবেষণাগার, সিমুলেশন ফ্যাসিলিটি,
অফিস স্পেস, সহযোগিতামূলক স্থান, এবং আউটডোর টেরাস রয়েছে। এই ফ্যাসিলিটি 2021
সালে উচ্চশিক্ষা ক্যাপিটাল অনুদান কর্মসূচি (Higher Education Capital Grant Program,
HeCap) থেকে 5 মিলিয়ন মার্কিন ডলার এবং স্টেটের আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ
(Regional Economic Development Council) তহবিল থেকে 700,000 মার্কিন ডলার পেয়েছে।

এছাড়াও গভর্নর নতুন অত্যাধুনিক বাস্কেটবল অনুশীলনের ফ্যাসিলিটি পরিদর্শন করেছেন, যা
গত জুন মাসে 3 মিলিয়ন মার্কিন ডলার HeCap অর্থ দ্বারা সমর্থিত হয়েছে। নতুন ফ্যাসিলিটিটি
রেড স্টর্মস মেন্স এবং উইমেন্স বাস্কেটবল (Red Storm's Men's and Women's Basketball)
কর্মসূচির প্রাত্যহিক প্রয়োজন পূরণ করবে। ইউনিভার্সিটি সম্প্রদায়ের জন্য একটি সেরামানের

ক্যাম্পাস বিনোদন কেন্দ্র তৈরি করতে ট্যাফনার ফিল্ড হাউজের (Taffner Field House) সংস্কার কাজের সাথে মিলিয়ে এই প্রকল্পটি নির্মাণ করা হবে।

গভর্নর হোকলের সাথে যোগদান করেন বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র, সিনেটর টোবি অ্যান স্টাভিস্কি, সেইন্ট জাম্স ইউনিভার্সিটির প্রেসিডেন্ট ফাদার ব্রায়ান জে শ্যানলি, অ্যাসেসম্বলি সদস্য নিলি রোজিক, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Empire State Development Corporation) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট, এবং নিউ ইয়র্ক স্টেট ডর্মিটরি কর্তৃপক্ষ (Dormitory Authority of the State of New York, DASNY) বোর্ডের প্রধান লিসা গোমেজ।

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, উচ্চশিক্ষা ক্যাপিটাল ম্যাচিং অনুদান কর্মসূচি পুরো স্টেটের ক্যাম্পাসসমূহকে তাদের অবকাঠামোতে এবং সরঞ্জামে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করতে দেয় এবং একই সাথে নির্মাণ চাকরি তৈরি করে। অনুদানপ্রাপ্ত ক্যাম্পাসসমূহের জন্য স্টেট তহবিল থেকে প্রাপ্ত প্রতি 1 মার্কিন ডলারের জন্য নিজেদের তহবিল থেকে কমপক্ষে 3 মার্কিন ডলার বিনিয়োগ করতে হবে।

2005 সালে HECap প্রতিষ্ঠার পর থেকে, স্টেট অব নিউ ইয়র্ক (State of New York) নিউ ইয়র্ক স্টেট জুড়ে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে 307টি প্রকল্পে 368.1 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন করেছে। এই বরাদ্দগুলোর ফলে প্রোগ্রামের শুরু থেকে মোট 1.10 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)